



মোঃ মাহফুজুর রহমান  
চেয়ারম্যান

ভূমি সংস্কার বোর্ড

ভূমি মন্ত্রণালয়

ফোনঃ ০২-৯৮৬৬৭৩৭, ফটোফোনঃ ৯৮৬১১১৭  
web: www.lrb.gov.bd

তাৎক্ষণ্য ২২ সেপ্টেম্বর ২০১৪

উপাধ্যায়িক পত্র নং ৩১.০২.০০০০.০১.০০১.২০১৪-৭৮

### শিখ প্রতিশ্রুতিমূল

আস্সালামু আলাইকুম। প্রশাসন ক্যাডারের একজন শুরুত্বপূর্ণ সদস্য হিসেবে আপনি অবহিত আছেন যে, ভূমি ব্যবস্থাপনা আমাদের একটি শুরুত্বপূর্ণ কাজ। জেলার কর্ণধার হিসেবে জেলা প্রশাসকগণ কালেষ্টরের সার্বিক দায়িত্ব পালন করে থাকেন। আর একটি জেলার ভূমি ব্যবস্থাপনার শুরুত্বপূর্ণ ইউনিট হলো ইউনিয়ন/পৌর ভূমি অফিস। তথ্যানুসন্ধানে জানা যায় যে, এ অফিসগুলো বর্তমানে ভূমি সম্পর্কিত রেকর্ড সংরক্ষণের ক্ষেত্রে ঝুকিপূর্ণ হয়ে পড়েছে। ইউনিয়ন/পৌর ভূমি অফিসে ছোট খাট মেরামত এবং সংরক্ষণের জন্য এগুলোর নিরাপত্তা প্রাচীর তৈরি করা অত্যন্ত জরুরী। একযোগে এসব কাজ সম্পন্ন করতে একটি বড় অংকের টাকার এবং সময়ের প্রয়োজন। এর বিকল্প হিসেবে অল্প সময়ে স্থানীয়ভাবে ইউনিয়ন/পৌর ভূমি অফিসগুলোর ছোট খাট মেরামত এবং নিরাপত্তা প্রাচীর নির্মাণে দূর্যোগ ব্যবস্থাপনা ও আগ মন্ত্রণালয় থেকে প্রতিটি জেলায় বরাদ্দকৃত টেষ্ট রিলিফ বরাদ্দ থেকে বিশেষ প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া যেতে পারে।

ইউনিয়ন/পৌর ভূমি অফিসের মান এবং এগুলোর রেকর্ডপত্রের নিরাপত্তা বিধানের ঘার্থে স্থানীয়ভাবে টি, আর প্রকল্প প্রণয়ন করে ইউনিয়ন/পৌর ভূমি অফিসগুলোর নিরাপত্তা প্রাচীর নির্মাণ/মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং স্থানীয় জনগণের ভূমি রেকর্ড সংরক্ষণের কার্যকর ভূমিকা রাখতে আপনার সুদৃষ্টি কামনা করছি।

ত্বরিতে।

একান্তভাবে আপনার  
*মোঃ মাহফুজুর রহমান*  
(মোঃ মাহফুজুর রহমান )

প্রাপকঃ

জেলা প্রশাসক (সকল)

.....

অনুলিপি :

- ১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, দূর্যোগ ব্যবস্থাপনা ও আগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল).....।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়/দূর্যোগ ব্যবস্থাপনা ও আগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।